

প্রথম আলো শিক্ষা

মেডিকেল ভর্তি পরীক্ষা আগামী সেপ্টেম্বরে

বিশেষ প্রতিনিধি | আপডেট: ২০:২৭, জুন ২১, ২০১৬

২০১৬-১৭ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস কোর্সের ভর্তি পরীক্ষা আগামী সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত হবে। আজ মঙ্গলবার স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম মন্ত্রণালয়ের সভাকক্ষে এক মতবিনিময় সভায় এ কথা বলেন।

মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ, ডেন্টাল ইউনিট ও ইনসিটিউটে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে এমবিবিএস ও বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি-সংক্রান্ত এই মতবিনিময় সভার আয়োজন করে স্বাস্থ্য মন্ত্রণালয়। সভায় দেশের জ্যোষ্ঠ সাংবাদিক, ঢাকা মেডিকেল কলেজের অধ্যক্ষ, স্বাস্থ্য মন্ত্রণালয়ের উর্ধ্বর্তন কর্মকর্তা, বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিলের কর্মকর্তা, বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশনের নেতৃত্বে অংশ নেন।

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম উপস্থিত সবার কাছে মেডিকেল ভর্তি পরীক্ষা নিশ্চিদ্র করতে কী ব্যবস্থা করা যায়, তা জানতে পরামর্শ চান। তবে শুরুতে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক দীন মো. নুরুল হক পরীক্ষা গ্রহণের জন্য কী পদক্ষেপ নেওয়া হয়েছে, তার বর্ণনা দেন।

ভর্তি পরীক্ষা নিয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের উদ্যোগের প্রশংসা করেন উপস্থিত সাংবাদিকেরা।

সভায় সমকাল পত্রিকার সম্পাদক গোলাম সারওয়ার, বিশিষ্ট কলামিস্ট সৈয়দ আবুল মকসুদ, বিএমএর সভাপতি মাহমুদ হাসান, বিএমডিসির সভাপতি মোহাম্মদ শহিদুল্লাহ প্রমুখ উপস্থিত ছিলেন।

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত
প্রথম আলো ১৯৯৮ - ২০১৬

সম্পাদক ও প্রকাশক: মিডিউর রহমান
সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ফোন: ৮১৮০০৭৮-৮১, ফ্যাক্স: ৯১৩০৪৯৬, ই-মেইল: info@prothom-alo.info

এই ওয়েবসাইটের কোনো লেখা বা ছবি অনুমতি ছাড়া নকল করা বা অন্য কোথাও প্রকাশ করা সম্পূর্ণ বেআইনি